

অবশেষে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের সমস্ত বাংলা রচনা নিয়ে বিদ্যাসাগর রচনাসমগ্র -এর 'প্রথম খণ্ড-প্রথম ভাগ' প্রকাশিত হল তাঁরই নামাঙ্কিত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে। বিদ্যাসাগর রচনাবলী ইতিপূর্বে প্রকাশিত হয়নি এমনটা নয়। কিন্তু কোনো বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়ে এই রচনাবলী প্রকাশ করেছে এমনটা এই প্রথম। বিদ্যাসাগর মহাশয়ের প্রয়াণের পর থেকে, বাংলা ভাষায় আধুনিক শিক্ষার ভগীরথ ও বিশিষ্ট সমাজ সংস্কারক, এই মহাপুরুষের রচনাসমূহ প্রকাশের উদ্যোগ হয়েছে বেশ কয়েকবার। বর্তমান উদ্যোগের প্রাথমিক উদ্দেশ্য হল, এই 'ত্রুটি' মুক্ত হয়ে, বিদ্যাসাগরকৃত মূল বানান ও রচনার অবিকল পুনরুদ্ধার। এর জন্য, অত্যন্ত পরিশ্রম করে, বাংলার বিভিন্ন প্রাচীন পাঠাগার ও লেখ্যাগার থেকে, বিদ্যাসাগরের জীবিতকালে রচিত গ্রন্থগুলির যথাসম্ভব সর্বশেষ সংস্করণ সংগ্রহ করে, তার ভিত্তিতেই এই 'রচনাসমগ্র'টি প্রকাশিত হয়েছে, যাতে ভবিষ্যতের পাঠক ও গবেষককুলের কাছে তাঁর রচনার মূল চেহারাটির অবিকৃত রূপটিই ধরা পড়ে।

বর্তমান রচনাসমগ্র টিতে আলচ্য বিষয় গুলি হল - 'বাঙ্গালার ইতিহাস', 'জীবনচরিত', 'বর্ণপরিচয় প্রথম ভাগ', 'বর্ণপরিচয় দ্বিতীয় ভাগ', 'কথামালা', 'চরিতাবলী', 'আখ্যানমঞ্জরী প্রথম ভাগ', 'আখ্যানমঞ্জরী দ্বিতীয় ভাগ', 'আখ্যানমঞ্জরী তৃতীয় ভাগ', 'বোধোদয়' এবং 'নীতিবোধ'।